# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের  বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২১ এপ্রিল, ২০০৩ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড |
| সভাপতি | ঃ | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন এম সানাউল হক, পিএসসি, এসিএসসি -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ -- সদস্য
প্রতিনিধি
কমান্ড্যান্ট, এস ই এম ও
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৪) লেঃ কর্ণেল মোঃ আব্দুস সালাম -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(৬) জনাব আনোয়ার হোসেন চৌধুরী -- সদস্য
ম্যাজিষ্ট্রেট, ঢাকা কালেক্টরেট
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এর প্রতিনিধি।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ গত ৩০ মার্চ, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ৩০ মার্চ, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ মার্চ, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মার্চ, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা- ২

প্রস্তাব নং-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ আর্থিক সালের অডিট আপত্তির ব্রডশীট জবাব (বিএসআর) অবহিত হওয়া ও অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ আর্থিক সনের অডিট আপত্তির ব্রডশীট জবাব (বিএসআর) অবহিত হওয়াসহ অনুমোদন করা হলো। বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মার্চ, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মার্চ, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ রোগী পরিবহণের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের এ্যাম্বুলেন্সের ভাড়া বৃদ্ধিকরণ প্রসংগে ১৯ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৪ নং সিদ্ধান্তের আলোকে এ্যাম্বুলেন্স এর মাধ্যমে গত আর্থিক সালে (২০০১-২০০২) মোট কত রোগী পরিবহণ করা হয়েছে, রোগীর নাম, ঠিকানাসহ বিস্তারিত তালিকা ও এ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালা প্রেরণ করার জন্য চীফ মেডিক্যাল অফিসারকে পত্র লিখা হলে তিনি যে তালিকা ও নীতিমালা প্রেরণ করেন তা পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য বোর্ডসভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনার উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে রুগী পরিবহণের ক্ষেত্রে এ্যাম্বুলেন্স এর ভাড়া বৃদ্ধিকরণের বিষয়টি অনুমোদন করা হলো না। বর্তমানে প্রচলিত ভাড়ার হারই বলবৎ থাকবে। তবে সরকারী বা বেসরকারী বিধি বিধান মোতাবেক এ্যাম্বুলেন্স এর সঠিক ব্যবহার সম্বন্ধে নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের মেডিক্যাল অফিসার ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসাইন এর সিলেকশন গ্রেড স্কেল পাওয়ার জন্য ০৮ আগস্ট, ২০০২ তারিখের আবেদনপত্রখানা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখের ১৭/এমএলএন্ডসি/পিএফ/৪৪৩/শা-২/১২ নং পত্রে বিভিন্ন তথ্যাদির সাথে বোর্ডসভার সুপারিশ চাওয়া হয়েছে। সংশ্লিষ্ট মেডিক্যাল অফিসারের সিলেকশন গ্রেড স্কেল পাওয়ার ব্যাপারে আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পত্রখানা নীতিমালাসহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে সিলেকশন গ্রেড স্কেল প্রদানের নিমিত্তে সরকারী বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বলে সভায় মত প্রকাশ করা হয়। বিধি মোতাবেক সিদ্ধান্ত গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাবনাটি প্রেরণ করা হোক।

চলমান পাতা- ৩

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-১০ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল মোঃ আব্দুল কাদের খান, পিতা- মৃত আব্দুল খালেক খান এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ উক্ত ব্যক্তির নামে নামজারীর ব্যাপারে তাঁর ২২ ফেব্রুয়ারী, ২০০৩ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-১০ নং ফ্ল্যাটটি ক্রেতা লেঃ কর্ণেল মোঃ আব্দুল কাদের খান, পিতা- মৃত আব্দুল খালেক খান এর নামে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-৩ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল মোঃ সানাউল্লাহ, পিতা- মৃত মোঃ ইফাজ উদ্দিন এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ উক্ত ব্যক্তির নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৮ মার্চ, ২০০৩ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-৩ নং ফ্ল্যাটটি ক্রেতা লেঃ কর্ণেল মোঃ সানাউল্লাহ, পিতা- মৃত মোঃ ইফাজ উদ্দিন এর নামে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭/সি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা (১) লেঃ কর্ণেল মোঃ মোস্তফা কামাল (অবঃ), পিতা-মরহুম সিরাজুল ইসলাম এবং (২) ডাঃ আলী আসকার কোরেশী, পিতা-মরহুম ডাঃ ফজলুল হক এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ উপরোক্ত ব্যক্তিদের নামে নামজারীর ব্যাপারে তাদের ১৪ নভেম্বর, ২০০২ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭/সি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ক্রেতা (১) লেঃ কর্ণেল মোঃ মোস্তফা কামাল (অবঃ), পিতা-মরহুম সিরাজুল ইসলাম এবং (২) ডাঃ আলী আসকার কোরেশী, পিতা-মরহুম ডাঃ ফজলুল হক এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭০ নং প্লটে নির্মিত বাড়ীর বি-২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা মিসেস ফারজানা হামিদ, পিতা-জনাব আবদুল হামিদ এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ উক্ত ব্যক্তির নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৭ আগষ্ট, ২০০২ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭০ নং প্লটে নির্মিত বাড়ীর বি-২ নং ফ্ল্যাটটি ক্রেতা মিসেস ফারজানা হামিদ, পিতা-জনাব আবদুল হামিদ এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা- ৪

প্রস্তাব নং-১১ ঃ ক্যান্টনমেন্ট সদর মহাখালীস্থ ২৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি জনাব রেজওয়ানুর রহমানের নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । এতদ্ব্যাপারে বাড়ীর মালিক জনাব মওদুদুর রহমানের হেবা/দানকৃত ০১ ডিসেম্বর, ২০০২ তারিখের হলফনামা এবং আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট সদর মহাখালীস্থ ২৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি জনাব রেজওয়ানুর রহমানের নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭৪ নং প্লটের দক্ষিণ পার্শ্বে ১০৬০.০০ বর্গফুট (কম/বেশী) 'সি' শ্রেণীভুক্ত জমি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ৩২ সেনানিবাস বাজার, ঢাকা সেনানিবাসকে লীজ দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর ১২ এপ্রিল, ২০০৩ তারিখের ১০১/৮৪/জমি/কিউ নং পত্রটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭৪ নং প্লটের দক্ষিণ পার্শ্বে ১০৬০.০০ বর্গফুট (কম/বেশী) 'সি' শ্রেণীভুক্ত জমি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ৩২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের নিকট ১০(দশ) বছরের জন্য ইজারা দেয়ার বিষয়টি আলোচনা হয়। এ ব্যাপারে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস হতে অনুমতি গ্রহণপূর্বক উক্ত স্থানের একটি নকশাসহ পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসে একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৩ ঃ নিম্নবর্ণিত ফার্ম কর্তৃক ঢাকা সিটি করপোরেশনের বর্তমান অনুমোদিত হার প্রতি বর্গফুট সাইনবোর্ডের(হোডিং) জন্য ১০০/-(একশত) টাকা হারে স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

| ক্রমিক নং | সাইনবোর্ড (হোডিং) স্থাপনকারী সংস্থার নাম | প্রাধিকার | ইজারার মেয়াদকাল | সাইন বোর্ডের (হোডিং) সংখ্যা | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ হুমায়ুন কবির ও জনাব মোঃ শফিকুল ইসলাম, মেসার্স রিলেশন সাইন এন্ড এডভারটাইজিং, ৮৫ নয়াপল্টন (২য় তলা),ঢাকা-১০০০। | সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৪ সেপ্টেম্বর, ২০০২ তারিখের ৩৯১৭/৬/ঢাকা-২/এমকিউ-২ নম্বর পত্র। | ০১-৫-২০০৩ হতে ৩০-৪-২০০৪ পর্যন্ত | ১টি | ঢাকা সেনানিবাসস্থ জিয়া কলোনী চেকপোষ্টের দক্ষিণ পার্শ্বে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর সড়ক সংলগ্ন খালি জমিতে। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ১৬-৩-২০০৩ তারিখের লাইসেন্স প্রাপ্ত। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জনাব মোঃ হুমায়ুন কবির ও জনাব মোঃ শফিকুল ইসলাম মেসার্স রিলেশন সাইন এন্ড এডভার্টাইজিং এর আবেদন এর প্রেক্ষিতে এবং এ ব্যাপারে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস কর্তৃক লাইসেন্স প্রদান করায় ঢাকা সেনানিবাসস্থ জিয়া কলোনী চেক পোস্টের দক্ষিণ পার্শ্বে জিয়া আন্তর্জাতিক সড়ক সংলগ্ন খালি জমিতে ঢাকা সিটি করপোরেশনের বর্তমান হোর্ডিং/সাইনবোর্ডের অনুমোদিত হার প্রতি বর্গ ফুট ১০০.০০ (একশত) টাকায় স্থাপনের বিষয়টি অনুমোদিত হলো। এ অনুমোদন ০১ মে, ২০০৩ তারিখ হতে এক বছরের জন্য বলবৎ থাকবে। ঢাকা সেনানিবাস এলাকায় হোর্ডিং/সাইন বোর্ড ইত্যাদি স্থাপনের অনুমতি দেয়ার কারণে সংশ্লিষ্ট ফার্ম/প্রতিষ্ঠান কর্তৃক যত্রতত্র বোর্ড স্থাপন করায় সেনানিবাসের সৌন্দর্য বিনষ্ট হচ্ছে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে বিষয়টি সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসকে অবহিত করে পত্র লেখার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

চলমান পাতা- ৫

প্রস্তাব নং-১৪ ঃ সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৩৪তম সভার কার্যবিবরণীর উপর আলোচনা ও সিদ্ধান্ত। কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ কার্যবিবরণীটি অবহিত হওয়া গেল। এতদ্ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের সংশ্লিষ্ট অংশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে দায়িত্ব প্রদান করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৩৪তম সভার কার্যবিবরণীর ২(ঞ) নং সিদ্ধান্তের আলোকে বাড়ী নির্মাণে নিয়োজিত বিভিন্ন ডেভেলোপারদের কর্মকাণ্ড প্রসংগে খসড়া নীতিমালার উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। খসড়া নীতিমালাটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ খসড়া নীতিমালাটি অবহিত হওয়া গেল। খড়সা নীতিমালাটির কিছু কিছু অংশ সংশোধন করে সংশোধিত কপি আগামী বোর্ডসভায় উপস্থাপন করার জন্য বোর্ডের সম্মানিত সদস্যগণকে দেয়া হোক।

প্রস্তাব নং-১৬ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন ডিওএইচএসসমূহ এবং অন্যান্য এলাকায় অননুমোদিত/অবৈধ নির্মাণ বন্ধকরণের লক্ষে নকশা অনুমোদনসহ ক্যান্টনমেন্ট বোর্ডের করণীয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে নকশা অনুমোদনের পূর্বের নিয়মাবলীসহ প্রস্তাবিত খসড়া শর্তাবলী সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ নিয়মাবলীসহ প্রস্তাবিত খসড়া শর্তাবলীর উপর বিস্তারিত আলোচনা হয়। খসড়ার কিছু অংশ সংশোধন সাপেক্ষে কার্যক্রম গ্রহণের জন্য সভায় মত প্রকাশ করা হয়। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

প্রস্তাব নং-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যনুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | সদর দপ্তর লগ এরিয়া, ঢাকা সেনানিবাসের দক্ষিণে ফুটপাত ভেঙ্গে রাস্তা প্রশস্তকরণসহ ফুটপাত নির্মাণ। | ১,৪৭,০২৪/-টাকা | ফ্লাইওভার কর্তৃপক্ষ কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ২। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে নার্সারীর জন্য মাস্টার ড্রেন নির্মাণসহ ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের আরো দুটি সংযোগ ড্রেন নির্মাণ। | ২,৩৫,৮০৩/- ।। | ডেসা কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৩। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়সহ অন্যান্য প্রথম শ্রেণীর কর্মকর্তাদের জন্য ৬৮/এ নং প্লটে নীচতলায় কার পার্কিংসহ ৩য় তলা পর্যন্ত পাঁচটি আবাসিক বাসস্থান নির্মাণ। | ১,০৮,৭৫,৫৬৪/- ।। | সাভূসে অধিদপ্তর হতে প্রাপ্ত অনুদান দ্বারা সংকুলান করা হবে। |
| ৪। | শহীদ মঈনুল রোডে বসবাসকারী কর্মকর্তাদের নিরাপত্তার জন্য কাঁটাতারের বেড়া স্থাপন কাজ। | ২৬,০০৬/- ।। | ডেসা কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৫। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে কাঁটা তারের বেড়া মেরামত ও সংস্কার। | ৩৫,৬৫০/- ।। | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। তবে ক্রমিক নং-৩ এ বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র গ্রহণের পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

প্রস্তাব নং-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকায় শিশু পার্ক মেরামত ও রংকরণ। | ৪০,৫২৬/- টাকা | মেসার্স ইউনুস এন্ড ব্রাদার্স | ২১.০০% উর্ধ্বে | ১৭.০০% উর্ধ্ব | ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দের উন্নয়মূলক কাজের বরাদ্দ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| ২। | ঢাকা সেনানিবাসস্থ এয়ার হাউসের দক্ষিণে ৩ নং বাংলোর পার্শ্বে একটি দোলনা সরবরাহ ও স্থাপন। | ১৬,২২১/- ।। | মেসার্স আমিন ব্রাদার্স | ২৬.০০% ।। | ২৪.০০ % উর্ধ্ব | -ঐ- |
| ৩। | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকায় বনানী এমপি চেকপোস্ট এর নিকট একটি গার্ডরুম নির্মাণ। | ৬১,৭৫০/- ।। | মেসার্স ইউনুস ব্রাদার্স | ২৯.৫০% ।। | ২৭.০০% উর্ধ্ব | -ঐ- |
| ৪। | বারিধারা ডিওএইচএস এলাকার প্রবেশ পথে একটি রিফ্লেক্টিভ দিক নির্দেশিকা নামফলক স্থাপন। | ১৪,৩১৪/- ।। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ১৯.৮০% ।। | ১৯.০০% উর্ধ্ব | বারিধারা ডিওএইচএস এর উন্নয়ন চার্জ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| ৫। | বারিধারা ডিওএইচএস এলাকায় বিভিন্ন লেইনে ২২ গেজী জিআই শীটের ৩০(ত্রিশ)টি (৪' - ০" × ২' - ০") সাইনবোর্ড স্থাপন কাজ। | ১,১৩,৮২০/- ।। | মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা | ২২.০০ % ।। | ১৯.০০% উর্ধ্ব | -ঐ- |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেণ্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এম ই এস-এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত-০৫টি কাজের দর নির্ধারণ করা হয়েছে। তবে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, দাখিলী দর অতি উচ্চ যা বাস্তব সম্মত নয়। এ প্রসংগে সভায় উপস্থিত অত্র দপ্তরের সহকারী নির্বাহী প্রকৌশলী জনাব আলম খান বলেন যে, সকল কাজের মূল্যানুমান ১৯৯৫ সনের এমইএস সিডিউল অব রেইট মোতাবেক প্রস্তুত করা হয়েছে। তবে ভবিষ্যতে ২০০২ (সর্বশেষ) সনের সিডিউল অনুযায়ী মূল্যানুমান প্রস্তুত করা হবে। সিএমইএস(আর্মি) কর্তৃক ভেটিংকৃত ০৫(পাঁচ)টি কাজের ক্ষেত্রে অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট থেকে সম্মতিপত্র গ্রহণ করতঃ কাজগুলি জরুরী বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

(১) ১৭.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(২) ২৪.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(৩) ২৭.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(৪) ১৯.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(৫) ১৯.০০% উর্ধ্বদর অনুমোদিত।

প্রস্তাব নং-১৯ বিবিধ-(১) ঃ

ডিওএইচএস বারিধারা এলাকার বাসাবাড়ী হতে ময়লা/আবর্জনা সংগ্রহের নিমিত্তে ২টি কভার্ড ভ্যান গাড়ী ক্রয়ের নিমিত্তে প্রতিটি ১০,০০০/-(দশ হাজার) টাকা করে ০২টির (১০,০০০/- × ২টি) = ২০,০০০/- (বিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবনাটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৯ বিবিধ-(২) ঃ

সেনাপল্লী আবাসিক এলাকা, মিরপুর-১৪ এবং মোস্তফা কামাল লাইন আবাসিক এলাকার বাসা বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহের নিমিত্তে ২টি কভার্ড ভ্যান গাড়ী ক্রয়ের নিমিত্তে প্রতিটি ১০,০০০/-(দশ হাজার) টাকা করে ০২টির (১০,০০০/- × ২টি) = ২০,০০০/- (বিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৯ বিবিধ-(৩) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট এলাকাস্থিত কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পুকুর ৩০ মার্চ, ২০০৩ তারিখে ইজারা বিজ্ঞপ্তি প্রচার করা হলে ২০ এপ্রিল, ২০০৩ তারিখে মোট ০৫(পাঁচ) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ আব্দুল বাতেন, ২৭৯ শহীদ বদিউজ্জামান রোড, ঢাকা সেনানিবাস ১,০১,৫০০/- (এক লক্ষ এক হাজার পাঁচশত) টাকার সর্বোচ্চ ডাক প্রদান করেন। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট ইজারা বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত দরপত্রসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, উক্ত পুকুরটি ইতোপূর্বে ০২(দুই) বছরের জন্য ৭৭,০০০/- (সাতাত্তর হাজার) টাকা ডাক পড়েছিল। ০৩(তিন) বছরের ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে সর্বোচ্চ দর প্রদানকারী জনাব এম এ বাতেন কর্তৃক ১,০১,৫০০/- (এক লক্ষ এক হাজার পাঁচশত) টাকার দর প্রদান করা হয় যা পূর্বে প্রদত্ত দরের তুলনায় কম। পূর্বের সর্বোচ্চ দর অনুযায়ী মোট ১,১৫,৫০০/- (এক লক্ষ পনের হাজার পাঁচশত) টাকা প্রদান করতে সম্মত থাকলে জনাব এম এ বাতেনকে ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যথায় তার সম্মতি সাপেক্ষে মোট ৭৭,০০০/- (সাতাত্তর হাজার) টাকায় ০২(দুই) বছরের জন্য ইজারা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৯ বিবিধ(৪)ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর দাতার ফার্মের নাম | প্রদত্ত সর্বনিম্ন দর | সি এম ই এস(আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | বারিধারা ডিওএইচএস এলাকার পুকুর পাড়ের চারিদিকের পায়ে চলার পথ আরো ৪-০˝ প্রশস্তকরণ। | ১,৪১,৩৮৫/- টাকা | মেসার্স সাহাবউদ্দিন এন্টারপ্রাইজ | ২৯.৯৫% উর্ধ্বে | ২৯.০০% উর্ধ্বে | বারিধারা উন্নয়ন ফান্ড হতে |
| ২। | শহীদ রমিজউদ্দিন উচচ বিদ্যালয়ের ৫০ বর্ষপূর্তি উপলক্ষে স্কুল ও কলেজ ভবন রং চুনা কাজ। | ৪৭,৭৪৪/-টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২২.০০% উর্ধ্বে | ০৭.০০% উর্ধ্বে | রক্ষণাবেক্ষণ খাত হতে |
| ৩। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর ছাত্র-ছাত্রীদের পানি খাওয়ার জন্য ফেরোসিমেন্ট এর পানির ট্যাংক স্থাপনসহ প্রয়োজনীয় ফিটিংস ও নিস্কাশন ব্যবস্থাকরণ । | ১৮,৮০৩/-।। | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ১৯.৯৭% উর্ধ্বে | ০৭.৬২% উর্ধ্বে | ২০০২-২০০৩ সালের বরাদ্দকৃত অর্থ হতে |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ বাসা নং-৯৬ এর ০১(এক)টি রুম বর্ধিতকরণ। | ৪৮,২৫৫/-।। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩২.৫০% উর্ধ্বে | ২৯.০০% উর্ধ্বে | রক্ষণাবেক্ষণ খাত হতে |

চলমান পাতা- ৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর দাতার ফার্মের নাম | প্রদত্ত সর্বনিম্ন দর | সি এম ই এস(আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৫। | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬০(পরিত্যক্ত) এর নীচতলা ও বাউন্ডারী ওয়াল মেরামত ও চুনকাম কাজ। | ৪৮,৮১০/-।। | মেসার্স আমিন ব্রাদার্স | ২১.০০% উর্ধ্বে | ০৯.০০% উর্ধ্বে | পরিত্যক্ত বাড়ীর তহবিল হতে |
| ৬। | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৫/এ এর নীচতলা ও উপর তলায় পানি সরবরাহের জন্য ০১(এক) হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন পানির পাম্প ও পানির লাইন স্থাপন। | ১৯,৪৩৩/-।। | মেসার্স কাশেম এন্ড সন্স | ২২.০০% উর্ধ্বে | ০০.২৭১% নিম্নে | রক্ষণাবেক্ষণ খাত হতে |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এমইএস-এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত ০৬টি কাজের দর নির্ধারণ করা হয়েছে। তবে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, দাখিলী দর অতি উচ্চ যা বাস্তব সম্মত নয়। এ প্রসংগে সভায় উপস্থিত অত্র দপ্তরের সহকারী নির্বাহী প্রকৌশলী জনাব আলম খান বলেন যে, সকল কাজের মূল্যানুমান ১৯৯৫ সনের এমইএস সিডিউল অব রেইট মোতাবেক প্রস্তুত করা হয়েছে। তবে ভবিষ্যতে ২০০২ (সর্বশেষ) সনের সিডিউল অনুযায়ী মূল্যানুমান প্রস্তুত করা হবে। সি এম ই এস(আর্মি) কর্তৃক ভেটিংকৃত ০৬(ছয়)টি কাজের ক্ষেত্রে অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট থেকে সম্মতিপত্র গ্রহণ করতঃ কাজগুলি জরুরী বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

(১) ২৯.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(২) ০৭.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(৩) ৭.৬২% উর্ধ্বদর অনুমোদিত।

(৪) ২৯.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(৫) ০৯.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(৬) ০০.২৭১ % নিম্নদর অনুমোদিত।

প্রস্তাব নং-১৯ বিবিধ(৫)ঃ

মিরপুর ডিওএইচএস এর ভরাটকৃত বালু/মাটি কমপ্যাক্ট না হওয়ার কারণে সংশ্লিষ্ট রাস্তাসমূহের ব্রিক সলিং (Brick Soling) এর কাজ ২০০২-২০০৩ আথিক সালে শুরু করা সমীচীন হবে না বিধায় পূর্বের দেয়া কার্যাদেশ বাতিল করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জানা যায় যে, রাস্তাসমূহের মূল্যানুমান ১৯৯৫ ইং সনের এমইএস সিডিউল অব রেইটস্-এ প্রস্তুত করা হয়েছে। বর্তমানে এমইএস-এ ২০০২ সনের সিডিউল চালু রয়েছে বিধায় সকল কার্যাদেশ বাতিলপূর্বক ২০০২ সনের (সর্বশেষ সিডিউল) সিডিউল- এ মূল্যানুমান প্রস্তুতপূর্বক পুনঃদরপত্র আহ্বান করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/৪/০৩

( মোঃ আব্দুল্লাহ্ আল মামুন )
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস